দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 03 NOV 2015 ...
পৃষ্ঠা ..১৫.. কলাম ..১..

# সাতক্ষীরা মেডিক্যাল কলেজ শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

■ সাতক্ষীরা প্রতিনিধি

সাতক্ষীরা মেডিক্যাল কলেজে ২৫০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ হাসপাতাল চালুসহ তিনদফা দাবিতে তৃতীয় দিনের ন্যায় মানববন্ধন কর্মসূচি ও স্মারকলিপি প্রদান করেছে মেডিক্যাল শিক্ষার্থীরা। সোমবার সকাল ১০টায় সাতক্ষীরা প্রেসক্লাবের সামনে তারা এ মানববন্ধন কর্মসূচি পালন করে। মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন, মেডিক্যাল কলেজের ৫ম বর্ষের ছাত্র আলমগীর হোসেন, মিজানুর রহমান, সাবরিন সরোয়ার, পরিন আক্তার প্রমুখ।

বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণার পর ২০১১ সালে সেপ্টেম্বরে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতাল চালু হয়। বর্তমানে এখানে ২০৮ জন ছাত্রছাত্রী অধ্যয়নরত রয়েছে। কিন্তু আজো পর্যন্ত পূর্ণাঙ্গরূপে চালু হয়নি। শুধুমাত্র মেডিসিন ওয়ার্ডটি ৩০ শয্যা নিয়ে নামমাত্র লোকবল নিয়ে চালু হয়েছে যা তাঁদের ক্লিনিক্যাল ক্লাসের জন্য যথেষ্ট নয়। বহুবার প্রতিশ্রুতি দেয়া হলেও তার কোন বাস্তব রূপ দেখা যায়নি।

মানববন্ধন শেষে মেডিক্যাল শিক্ষার্থীরা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী, স্বাস্থ্যসচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়ের মহাপরিচালক ও খুলনা বিভাগীয় কমিশনার বরাবর স্মারকলিপি প্রদান করেন।

এ ব্যাপারে সাতক্ষীরা মেডিক্যাল কলেজ হাসপাতালের অধ্যক্ষ প্রফেসর ডা. হাবিবুর রহমান জানান, শিক্ষার্থীদের দাবিগুলো যৌক্তিক। ছাত্রছাত্রীদের দাবিগুলো মানা না হলে ভবিষ্যতে তাদের ক্ষতির আশঙ্কা রয়েছে। শিক্ষার্থীদের দাবির বিষয়টি ইতোমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।